## উপজেলা পর্যায়ে শেখ রাসেল দিবস-২০২১ উদ্‌যাপন সংক্রান্ত প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী

সভাপতি ঃ জনাব রুম্পা সিকদার, উপজেলা নির্বাহী অফিসার, নলছিটি, ঝালকাঠি
সভার তারিখ ঃ ১৪ অক্টোবর ২০২১
সময় ঃ দুপুর ১২.০০ ঘটিকা
সভার স্থান ঃ উপজেলা পরিষদ সভা কক্ষ, নলছিটি, ঝালকাঠি

সভায় উপস্থিত সদস্যদের নামের তালিকা ঃ পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। সভাপতি সভার শুরুতেই হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালী স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন। সভাপতি সকলের অবগতির জন্য বলেন যে, সরকারি সিদ্ধান্ত অনুযায়ী প্রতিবছর ১৮ অক্টোবর 'ক' শ্রেণিভুক্ত দিবস হিসেবে শেখ রাসেল দিবস উদ্‌যাপন/পালন করা হবে। তিনি আরও বলেন শেখ রাসেল দিবস পালনের মাধ্যমে ভবিষ্যৎ বাংলাদেশের কর্ণধার তথা বর্তমান প্রজন্মের শিক্ষার্থীদেরকে/শিশু-কিশোরদেরকে উন্নত বাংলাদেশের নাগরিক হিসেবে প্রতিষ্ঠিত করার প্রত্যয়ে শিশু-কিশোরদের মাঝে শেখ রাসেলের স্মৃতি অম্লান থাকবে। একই সাথে আগামী দিনে বাংলাদেশকে পরিচালনাসহ নেতৃত্ব দানের ক্ষেত্রে শেখ রাসেলের দীপ্ত প্রত্যয়কে হৃদয়ে ধারণ করে তারা উন্নত বাংলাদেশ গড়ার শক্তিতে বলীয়ান হবে। এরপর শেখ রাসেল দিবস-২০২১ উদ্‌যাপন/পালনের জন্য তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের ০৭ অক্টোবর ২০২১ তারিখের ৫৬.০৪.০০০০.০০৮.২৩.০১৯.২১-৫৯৭ নং পত্র এবং শেখ রাসেল দিবস-২০২১ এর মাঠ পর্যায়ের নির্দেশিকা সভায় পাঠ করে শুনানো হয়। অতঃপর বিস্তারিত আলোচনান্তে সকলের মতামত ও সরকারি কর্মসূচির আলোকে নলছিটি উপজেলায় শেখ রাসেল দিবস-২০২১ উদ্‌যাপন/পালন উপলক্ষ্যে নিম্নবর্ণিত কর্মসূচি পালনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

| তারিখ ও বার | সময় | কর্মসূচি | স্থান | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১৭/১০/২০২১ রবিবার | সকাল ১১-০০ ঘটিকা | <u>উপস্থিত বক্তৃতা প্রতিযোগিতা</u><br>প্রতিযোগিদের বয়সঃ ০৮-১২ বছর<br>প্রতিপাদ্য নির্ভর<br>(শেখ রাসেল দীপ্ত জয়োল্লাস, অদম্য আত্মবিশ্বাস) | উপজেলা শিক্ষা অফিসারের কার্যালয়, নলছিটি, ঝালকাঠি | উপস্থিত বক্তৃতা প্রতিযোগিতা উপ-কমিটি |
| | সকাল ১১-০০ ঘটিকা | <u>আইসিটি বিষয়ক কুইজ প্রতিযোগিতা</u><br>অংশগ্রহণকারীঃ উপজেলায় স্থাপিত সকল শেখ রাসেল ডিজিটাল ল্যাব | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের কার্যালয়, নলছিটি, ঝালকাঠি | কুইজ প্রতিযোগিতা উপ-কমিটি |
| ১৮/১০/২০২১ সোমবার | সকাল ১০-০০ ঘটিকা | শেখ রাসেল দিবস-২০২১ এর মূল অনুষ্ঠান সরাসরি সম্প্রচার | উপজেলা পরিষদ অডিটরিয়াম নলছিটি, ঝালকাঠি | শেখ রাসেল দিবস উদ্‌যাপন উপজেলা কমিটি |
| | সকাল ১০-৩০ ঘটিকা | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের কনিষ্ঠ পুত্র শেখ রাসেলের ম্যুরাল/প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ | উপজেলা পরিষদ অডিটরিয়াম নলছিটি, ঝালকাঠি | শেখ রাসেল দিবস উদ্‌যাপন উপজেলা কমিটি |
| | সকাল ১১-০০ ঘটিকা | "শেখ রাসেল দীপ্ত জয়োল্লাস, অদম্য আত্মবিশ্বাস" প্রতিপাদ্যের উপর সেমিনার ও আলোচনা সভা | উপজেলা পরিষদ অডিটরিয়াম নলছিটি, ঝালকাঠি | শেখ রাসেল দিবস উদ্‌যাপন উপজেলা কমিটি |

শেখ রাসেল দিবস-২০২১ সুষ্ঠু, সুন্দর ও সফলভাবে উদ্‌যাপন/পালন করার জন্য নিম্নরুপ কমিটি/উপ-কমিটি গঠন করা হয়ঃ-

**শেখ রাসেল দিবস উদ্‌যপান উপজেলা কমিটি ঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

| | | |
|---|---|---|
| ০১ | **জনাব রুম্পা সিকদার, উপজেলা নির্বাহী অফিসার, নলছিটি, ঝালকাঠি** | আহবায়ক |
| ০২ | জনাব ডাঃ মো হাফিজুর রহমান, উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, নলছিটি, ঝালকাঠি | সদস্য |
| ০৩ | জনাব ইসরাত জাহান মিলি, উপজেলা কৃষি কর্মকর্তা, নলছিটি, ঝালকাঠি | সদস্য |
| ০৪ | জনাব মোঃ আলী আহমেদ, অফিসার ইনচার্জ, নলছিটি থানা | সদস্য |
| ০৫ | জনাব মো. রুহুল আমীন, উপজেলা শিক্ষা কর্মকর্তা, নলছিটি, ঝালকাঠি | সদস্য |
| ০৬ | জনাব মুহাঃ আনোয়ার আজীম, উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, নলছিটি, ঝালকাঠি | সদস্য |
| ০৭ | জনাব মুহম্মদ দেলোয়ার হোসেন, প্রশাসনিক কর্মকর্তা, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, নলছিটি, ঝালকাঠি | সদস্য |
| ০৮ | জনাব খোন্দকার মজিবুর রহমান,বীর মুক্তিযোদ্ধা ও সদস্য জেলা পরিষদ,নলছিটি | সদস্য |
| ০৯ | **জনাব ফিরোজ আহমেদ জিহাদী, সহকারী প্রোগ্রামার (অ:দা:), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, নলছিটি, ঝালকাঠি** | **সদস্য সচিব** |

উক্ত কমিটি শেখ রাসেল দিবস-২০২১ উদ্‌যাপন/পালনের জন্য যাবতীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

**উপস্থিত বক্তৃতা প্রতিযোগিতা উপ-কমিটি ঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

| | | |
|---|---|---|
| ০১ | **জনাব মো. রুহুল আমীন, উপজেলা শিক্ষা অফিসার, নলছিটি, ঝালকাঠি** | আহবায়ক |
| ০২ | জনাব মোঃ জাহাঙ্গীর হোসেন, সহকারী উপজেলা শিক্ষা অফিসার, নলছিটি, ঝালকাঠি | সদস্য |
| ০৩ | জনাব অনিতা রানী দত্ত, সহকারী উপজেলা শিক্ষা অফিসার, নলছিটি, ঝালকাঠি | সদস্য |

**কুইজ প্রতিযোগিতা উপ-কমিটি ঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

| | | |
|---|---|---|
| ০১ | **জনাব মুহাঃ আনোয়ার আজীম, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, নলছিটি, ঝালকাঠি** | আহবায়ক |
| ০২ | জনাব মোঃ মনিরুজ্জামান, প্রভাষক (জীববিজ্ঞান), নলছিটি সরকারি ডিগ্রী কলেজ | সদস্য |
| ০৩ | জনাব রাসেল খান, সহকারী শিক্ষক (গনিত), তেতুলবাড়িয়া ইসলামিয়া মাধ্যমিক বিদ্যালয় | সদস্য |

কর্মপরিধিঃ বর্ণিত উপ-কমিটিসমূহ শেখ রাসেল দিবস-২০২১ এর মাঠ পর্যায়ের নির্দেশিকা অনুযায়ী উপস্থিত বক্তৃতা ও কুইজ প্রতিযোগিতা সম্পন্ন করে ১ম,২য়,৩য় স্থান অধিকারীদের তালিকা **১৭ অক্টোবর ২০২১ তারিখ বিকাল ৪.০০ ঘটিকার** মধ্যে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

**বিবিধ আলোচনাঃ**

* উপজেলার পাশাপাশি সকল ইউনিয়ন পরিষদে শেখ রাসেল দিবস-২০২১ উদ্‌যাপন/পালনের জন্য সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানবৃন্দকে অনুরোধ জানানো হয়।

* দিবসটি উপলক্ষে উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে ব্যানার প্রদর্শন এবং প্রচার-প্রচারণা করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়।

* উপজেলার সকল কর্মকর্তাকে এবং তার অধীনস্থ সকল কর্মকর্তা ও কর্মচারীদেরকে সকল উক্ত দিবসের সকল অনুষ্ঠানে উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়। উল্লেখ্য যে, এ বিষয়ে সরকারের সুস্পষ্ট নির্দেশনা রয়েছে। অফিস প্রধান তার অধীনস্ত কর্মকর্তা/কর্মচারীগণের বিভিন্ন কর্মসূচিতে অংশগ্রহণ নিশ্চিত করবেন।

অতঃপর আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি নলছিটি উপজেলায় যথাযোগ্য মর্যাদায় সুষ্ঠু ও সুন্দর পরিবেশে শেখ রাসেল দিবস-২০২১ উদ্‌যাপন/পালনের জন্য সকলের সহযোগিতা কামনা করে উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপনপূর্বক সভার সমাপ্তি ঘোষণা করেন।

(রুম্পা সিকদার)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
শেখ রাসেল দিবস-২০২১ উদ্‌যাপন উপজেলা কমিটি
নলছিটি, ঝালকাঠি

স্মারক নং ০৫.১০.৪২৭৩.০০২.০১.০০৪.২১- ৭০৬ (৬০) তারিখ ঃ ২৯ আশ্বিন ১৪২৮ / ১৪ অক্টোবর ২০২১

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। মাননীয় সংসদ সদস্য,১২৬ ঝালকাঠি-২ ও সভাপতি ,শিল্প মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি।

০২। জেলা প্রশাসক, ঝালকাঠি।

০৩। চেয়ারম্যান, নলছিটি উপজেলা পরিষদ, নলছিটি।

০৪। মেয়র, নলছিটি পৌরসভা, নলছিটি।

০৫। ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নলছিটি।

০৬। উপজেলা..............................................................কর্মকর্তা, নলছিটি, ঝালকাঠী।

০৭। চেয়ারম্যান,.................................. ইউনিয়ন পরিষদ (সকল) নলছিটি।

০৮। অধ্যক্ষ/সুপার/প্রধান শিক্ষক.........................................................কলেজ/মাদ্রাসা/বিদ্যালয়, নলছিটি, ঝালকাঠি

০৯। কাউন্সিলর, ..................................ওয়ার্ড, নলছিটি পৌরসভা, নলছিটি।

১০। আহবায়ক/ সদস্য ..........................................উপ- কমিটি।

১১। সভাপতি/ সম্পাদক................................................ ।

১২। জনাব.......................................................... ।

১৩। অফিস নথি।

উপজেলা নির্বাহী অফিসার
নলছিটি, ঝালকাঠি

D:\UNO Office Nalchity-Rajib-01985009933\Dibosh\শেখ রাসেল দিবস\2021\Regulation.docx3